# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২৮ জুন,২০০১ তারিখের সভার কার্যবিবরণী।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভা ২৮ জুন,২০০১ তারিখ বেলা ১০ ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কর্ণেল জাহাংগীর আলম,পিএসসি,প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার,ঢাকা ক্যান্টনমেন্ট। সভায় সদস্যবৃন্দের উপস্থিতি ছিল নিম্নরূপ ঃ-

(১) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আবদুস সালাম — সদস্য - অনুপস্থিত
কমানড্যান্ট
এস ই এম ও
সম্মিলিত সামরিক হাসপাতাল
ঢাকা সেনানিবাস ।

(২) ক্যাপ্টেন এম এ এস খান,(জি),বিএন — সদস্য - উপস্থিত
অধিনায়ক
বি এন এস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস ।

(৩) উইং কমান্ডার জামালউদ্দিন আহমেদ,পিএসসি — সদস্য - উপস্থিত
অধিনায়ক(প্রশাসনিক শাখা)
বিমান বাহিনী ঘাটি বাশার
ঢাকা সেনানিবাস।

(৪) লেঃ কর্ণেল মোহাম্মদ শাহ আলম — সদস্য - উপস্থিত
সি এম ই এস (আর্মি)
ঢাকা সেনানিবাস ।

(৫) জনাব মোঃ আজিজ খান — সদস্য - অনুপস্থিত
১৪/এ,ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা
ঢাকা সেনানিবাস।

(৬) লেঃ কর্ণেল(অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ — সদস্য - অনুপস্থিত
৩৪৬,বারিধারা ডিওএইচএস
ঢাকা সেনানিবাস।

(৭) জনাব মোঃ আবু মাসুদ — সদস্য - উপস্থিত
সিনিয়র সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসকের কার্যালয়,ঢাকা ।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ

**প্রস্তাব নং-১ঃ** বিগত ১২ জুন,২০০১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ** বিগত ১২ জুন,২০০১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনান্তে দৃঢ়করণ করা হলো ।

**প্রস্তাব নং-২ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০০-২০০১ আর্থিক সালের সংশোধিত বাজেট পর্যালোচনা ও অনুমোদন ।

**গৃহীত সিদ্ধান্তঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০০-২০০১ আর্থিক সালের সংশোধিত বাজেট বিশদ আলোচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য বাজেটটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক ।

২য় পৃঃ দ্রঃ

ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০১-২০০২ আর্থিক সালের বাজেট পর্যালোচনা ও অনুমোদন।

ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০১-২০০২ আর্থিক সালের প্রস্তাবিত বাজেটের উপর ... য় বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে বাজেটে প্রস্তাবিত নতুন পদসমূহ সৃষ্টি এবং প্রস্তাবিত নতুন প্রকল্পসহ বাজেটটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবিত বাজেটটি আনুসংগিক কাগজপত্রাদিসহ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক ।

প্রস্তাব নং-৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ল্যাবরেটরীর জন্যে বায়োকেমিষ্ট্রি এনালাইজার এবং রি-এজেন্ট সরবরাহকরণের নিমিত্তে ২০ জুন,২০০১ তারিখে প্রাপ্ত টেকনোওয়ার্থ এসোসিয়েটস লিমিটেড এর প্রদত্ত ৫,৪৬,২০০/-(পাঁচ লক্ষ ছেচল্লিশ হাজার দুইশত)টাকার সর্বনিম্ন দর অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ল্যাবরেটরীর জন্য বায়োকেমিষ্ট্রি এনালাইজার এবং রি-এজেন্ট সরবরাহের নিমিত্তে টেকনোওয়ার্থ এসোসিয়েটস লিমিটেড এর প্রদত্ত ৫,৪৬,২০০/-(পাঁচ লক্ষ ছেচল্লিশ হাজার দুইশত)টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো।সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে এবিষয়ে চূড়ান্ত অনুমোদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট ঠিকাদারকে সরবরাহের কার্যাদেশ দেয়া হোক ।

প্রস্তাব নং-৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নম্বর | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস,১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| (১) | মহাখালী ডিওএইচএস এলাকার ১০ ও ১১ নং রোড মেরামত ও সীলকোটকরণ। | = ৮৫,৮২০/-টাকা | মেসার্স দিলদার এন্টারপ্রাইজ | ২৭.৭৫% উর্ধ্বে |
| (২) | ক্যান্টনমেন্ট বোর্ড বিল্ডিং নং-৭ এর সম্প্রসারিত নতুন ভবনের অতিথি কক্ষের জন্য আসবাবপত্র সরবরাহকরণ। | =২,০১,৫০০/- " | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ | ২৫% উর্ধ্বে |
| (৩) | আদর্শ বিদ্যানিকেতন,মানিকদী এর স্কুল ভবনের অভ্যন্তরীণ মেরামত ও চুনকামসহ পানির লাইনের কাজ। | = ৫০,০০০/- " | মেসার্স এম আর আমিন ট্রেডার্স | ২০% উর্ধ্বে |
| (৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের মাথায় ৩য় শ্রেণীর কর্মচারীদের বাসস্থান সংলগ্ন নীচু এলাকা বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড কর্তৃক কর্তনকৃত মাটি দ্বারা ভরাটকরণ। | = ৪৪,৫১১/- " | মেসার্স মনি ট্রেডিং | ৩০% উর্ধ্বে |
| (৫) | কচুক্ষেত পুরাতন বাজার এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ডের ৪র্থ শ্রেণীর কর্মচারীদের বাসস্থানের নীচু এলাকা বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড কর্তৃক কর্তনকৃত মাটি দ্বারা ভরাটকরণ। | = ৪১,১৮০/- " | মেসার্স ইমেল এন্টারপ্রাইজ | ৩০% উর্ধ্বে |

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত ৫(পাঁচ)টি প্রকল্প/মেরামত কাজের সর্বনিম্ন দরের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।এখানে উল্লেখ্য যে,ক্রমিক নং-১(এক) হতে ৫(পাঁচ) পর্যন্ত ৫টি কাজের ভেটিংকৃত দর সভায় আলোচনার জন্য উপস্থাপন করা হয়।বোর্ডের কারিগরী সদস্য সি এম ই এস (আর্মি) সভাকে অবহিত করেন যে,বর্তমানে এম ই এস-এ চলমান অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রেখে কাজ ৫টির দর নির্ধারণ করা হয়েছে।

৩য় পৃঃদ্রঃ

ক্রমিক নং-১ হতে ৫ পর্যন্ত ৫টি কাজ সংশ্লিষ্ট ঠিকাদারগণ বোর্ডসভার অনুমোদিত দরে সম্পন্ন করতে সম্মত থাকলে তাদের নিকট থেকে সম্মতিপত্র গ্রহণপূর্বক কার্যাদেশ প্রদান করা হোক। উল্লেখ্য যে, ক্রমিক নং-২ এর কাজের বিপরীতে বোর্ডসভার অনুমোদিত দর অনুযায়ী মোট ২,৪১,৮০০/-(দুই লক্ষ একচল্লিশ হাজার আটশত) টাকা ব্যয়ের বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদন চাওয়া হোক। বোর্ডসভায় উপরোক্ত ৫টি প্রকল্প/মেরামত কাজের দর নিম্নোক্তভাবে অনুমোদন করা হলো ঃ-

(১) ১৩(তের)% উর্ধ্ব দর অনুমোদিত
(২) ২০(বিশ)% উর্ধ্ব দর অনুমোদিত
(৩) ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার মূল্যানুমানসহ ১৯(উনিশ)% উর্ধ্ব দর অনুমোদিত।
(৪) ২৫(পঁচিশ)% উর্ধ্ব দর অনুমোদিত
(৫) ২৫(পঁচিশ)% উর্ধ্ব দর অনুমোদিত।

প্রস্তাব নং-৬ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৯ নং প্লটে নির্মিত বাড়ীর 'এ/৩' নং ফ্ল্যাট মেজর জেনারেল এ এস এম মতিউর রহমানের নিকট হস্তান্তর করার অনুমতি প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে বাড়ীর মালিকের আবেদন, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র এবং আইন উপদেষ্টার মতামতসহ নথিটি উপস্থাপন করা হলো ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে নকশা বহির্ভূত নির্মাণ কাজ অপসারণ সাপেক্ষে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৯ নং প্লটে নির্মিত 'এ/৩' নং ফ্ল্যাটটি মেজর জেনারেল এ এস এম মতিউর রহমান এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো ।

প্রস্তাব নং-৭ঃ বিবিধ ।

রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত এ,বি,সি =৩(তিন)টি হার্ডস্ট্যান্ড ২০০১-২০০২ আর্থিক সনের জন্য গত ২৭ জুন,২০০১ তারিখে অনুষ্ঠিত নিলাম ইজারায় লেঃকর্ণেল(অবঃ) মোঃ আলতাফ হোসেন খান কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ ১০,৫৫,০০০/-(দশ লক্ষ পঞ্চান্ন হাজার) টাকার দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো । আলোচনান্তে উক্ত সর্বোচ্চ ডাক অনুমোদন করা গেল। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো ।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

২৮/০৮/২০০১

( খোরশেদ আলম চৌধুরী )
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

( কর্ণেল জাহাংগীর আলম, পিএসসি )
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস ।